المجلس النوراني لتعليم القرآن بـ بنغلاديش

**নূরানী তা'লীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ**

প্রধান কার্যালয়: আল্ জামিয়াতুল আহলিয়া দারুল উলূম মুঈনুল ইসলাম
হাটহাজারী চট্টগ্রাম, বাংলাদেশ।

**NOORANI TALIMUL QURAN BOARD CHITTAGONG BANGLADESH**

Head Office: Al Jamiatul Ahlia Darul Uloom Moinul Islam Hathazari, Chittagong, Bangladesh.

www.nooraniboardctg.com


তারিখ

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহ

**মুহ্তারাম**
**পরিচালক সাহেব,**

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নূরানী তা'লীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ কর্তৃক নিবন্ধনকৃত মাদ্রাসা সমূহের ২০২৬ খ্রীস্টাব্দের তৃতীয় শ্রেণির কেন্দ্রীয় সনদ পরীক্ষা আগামী ৬ ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর ২০২৬ খ্রীস্টাব্দ পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্লে থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষা ১২ ডিসেম্বর থেকে ১৯ ডিসেম্বর ২০২৬ খ্রীস্টাব্দ পর্যন্ত অনুষ্ঠিত হবে, ইনশা-আল্লাহ।

## প্রতিষ্ঠানের করণীয়

১. **তৃতীয় শ্রেণির পরীক্ষার্থীদের নিবন্ধন এবং প্লে থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের সংখ্যা সংক্রান্ত:** তৃতীয় শ্রেণির পরীক্ষার্থীদের (ক) রোল নং(খ) পরীক্ষার্থীর নাম (গ) জন্মতারিখ (ঘ) পিতার নাম (ঙ) মাতার নাম (জন্ম নিবন্ধন অনুযায়ী) এবং প্লে থেকে দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের সংখ্যা আগামী ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ খ্রীস্টাব্দের মধ্যে ওয়েব সাইটে nooraniboardctg.com লগইন করে নিবন্ধন শেষ করতে হবে।

**লক্ষ্যণীয়:** তৃতীয় শ্রেণির সনদ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অন্যান্য শ্রেণির বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রতিষ্ঠানের সাথে পরীক্ষা সংক্রান্ত যোগাযোগের জন্য একজন দায়িত্বশীলের নাম ও মোবাইল নম্বর ওয়েব সাইটে যুক্ত করুন। সনদ পরীক্ষার ফলাফল দ্রুত পেতে **প্রতিষ্ঠানের ই-মেইল ওয়েব সাইটে** যুক্ত করা আবশ্যক।

২. **সংশোধনী সংক্রান্ত:** ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রীস্টাব্দের মধ্যে নিবন্ধন বিষয়ক সংশোধনীর সকল কাজ নিজ দায়িত্বে শেষ করবেন।

৩. **পরীক্ষা ফি. সংক্রান্ত:** পরীক্ষার ফি. যথাক্রমে- প্লে: ১০০ টাকা, নার্সারী: ১২০ টাকা, প্রথম শ্রেণি: ১৪০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ১৬০ টাকা এবং তৃতীয় শ্রেণি: ৫০০ টাকা হারে উত্তোলন করবেন।

৪. **পরীক্ষার ফি. জমা সংক্রান্ত:** প্লে: ৫০ টাকা, নার্সারী: ৬০ টাকা, প্রথম শ্রেণি: ৭০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ৮০ টাকা, তৃতীয় শ্রেণি: ৩৫০ টাকা আগামী ১৫ অক্টোবর ২০২৬ খ্রীস্টাব্দের মধ্যে বোর্ডে জমা করতে হবে। অন্যথায় আপনার প্রতিষ্ঠানের পরীক্ষা কার্যক্রম বিঘ্নিত হবে।

৫. আসন্ন কেন্দ্রীয় সনদ পরীক্ষায় পরীক্ষক হিসেবে আপনার প্রতিষ্ঠান হতে একজন পরীক্ষা বিষয়ক অভিজ্ঞ পরীক্ষক দিতে হবে, যাকে পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব দেওয়া হবে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য। **আপনার প্রতিষ্ঠানের পরীক্ষক হিসেবে মনোনীত শিক্ষককে বিষয়টি অবগত করানো এবং তাঁর নাম ও মোবাইল নম্বর নিবন্ধন করা অতীব জরুরী।**

৬. **পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের নিয়মাবলী:** nooraniboardctg.com প্রতিষ্ঠান লগইন (নিজ প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও নিজস্ব পাসওয়ার্ড দিয়ে সাবমিট করবেন। অতঃপর বোর্ড ফিঃ ১৫০০ (এক হাজার পাঁচ শত টাকা) (যদি আদায় না থাকে) আদায় পূর্বক পরীক্ষার্থী সম্পর্কিত মেন্যু হতে ⇨ নতুন পরীক্ষার্থীতে ক্লিক করে ফরম পূরণ করবেন এবং পরীক্ষার্থীর তালিকা অপশন থেকে পরীক্ষার্থীর তালিকা প্রিন্ট করে জন্মনিবন্ধন অনুযায়ী সব পরীক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত হবেন এবং সেটা সংরক্ষণ করবেন।

৭. **ফি. প্রদান:** nooraniboardctg.com ওয়েব সাইটে গিয়ে ফি. প্রদান মেন্যুতে ক্লিক করে পরীক্ষার ফি. আদায় করতে পারবেন। ফি. প্রদানের পর অনলাইন থেকে রশিদের কপি ডাউনলোড পূর্বক প্রিন্ট করে তা সংরক্ষণ করবেন।

বি. দ্র. ১৫ নভেম্বর ২০২৬ হতে প্লে, নার্সারী, ১ম, ২য়, ৩য় শ্রেণির প্রবেশপত্র, পরীক্ষা নিয়মাবলী সম্বলিত চিঠি কার্যালয় ও শাখা কার্যালয় হতে নিজ দায়িত্বে সংগ্রহ করবেন এবং চতুর্থ শ্রেণির রুটিন ও প্রশ্নপত্র ওয়েব সাইট থেকে পরীক্ষার দুই দিন পূর্বে ডাউনলোড করা যাবে

সালামান্তে-

মহাসচিব
মুফ্তী জসিম উদ্দীন

পরীক্ষা নিয়ন্ত্রক-
মুহাম্মদ আলী
মুফ্তী মুহাম্মদ আলী